

# ক্যাম্পবেলটাউন বাংলা স্কুল ইনক

৮ বেনহাম রোড, মিন্টো ২৫৬৬

১২ জুলাই ২০০৫

## বার্ষিক সাংস্কৃতিক সন্ধ্যা ২০০৫

সুপ্রিয় সূধী

এই সুদূর প্রবাসে আমাদের বাংলা ভাষা এবং এর আপন সংস্কৃতিকে পরবর্তী প্রজন্মের কাছে পরিচিত করা ও এর চর্চার বিশেষ প্রয়োজন আছে বলে আমরা মনে করি। বাংলা শুধু আমাদের প্রাণপ্রিয় মাতৃভাষাই নয়, আমাদের হাজার বছরের ঐতিহ্য এবং পরিচিতিও বটে। বর্তমান বিশ্বে বাংলাভাষী জনগোষ্ঠীর সংখ্যা প্রায় ২৫ কোটি। এই বিপুল সংখ্যক মানুষের আদি ভাষা বর্তমান গ্লোবাল ভিলেজের যুগে অন্য কোন ভাষার প্রভাবে হারিয়ে যাক এমন প্রত্যাশা নিশ্চয়ই আমরা কেউ করি না। বরং স্বগর্বে ও যোগ্য মর্যাদায় বংশ থেকে বংশানুক্রমে এই ভাষা টিকে থাক এই অভিপ্রায় আমাদের সকল বাঙ্গালীর। এই লক্ষ্যকেই সামনে রেখে ক্যাম্পবেলটাউন ও এর আশেপাশের আমরা কিছু বাঙ্গালী পরিবার মিলিত হয়ে ২০০২ সালে ক্যাম্পবেলটাউন বাংলা স্কুল প্রতিষ্ঠা করি। আমাদের প্রিয় মাতৃভাষা, বাংলাদেশ, বাঙ্গালীর প্রবাদপুরুষ সব মনিষীরা যারা সাহিত্য ও সংস্কৃতি মাধ্যমে আমাদের জীবনধারা বদলে দিয়েছেন, আমাদেরকে মননে, অভিব্যক্তিতে এবং জীবন পদ্ধতিতে পুরোপুরি বাঙ্গালী হতে সাহায্য করেছেন এবং যাদের আপোসহীন সংগ্রাম ও রক্তের বিনিময়ে বাংলাদেশের স্বাধীনতা এসেছে - এমনি অসংখ্য শ্রদ্ধাভাজন বাঙ্গালীকে আমাদের প্রবাসী দ্বিতীয় প্রজন্মের মাঝে পরিচিত করা এবং সেই সাথে বাংলা ভাষা ও সংস্কৃতির বিকাশ ঘটানোই এই বাংলা স্কুলের উদ্দেশ্য।

এই লক্ষ্য বাস্তবায়নের প্রয়াস হিসাবে বরাবরের মত এবারো ক্যাম্পবেলটাউন বাংলা স্কুল বার্ষিক সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করেছে।

**তারিখ ও সময়: ২৩শে জুলাই ২০০৫ সন্ধ্যা ৬:০০টা**

**স্থান: James Meehan High School, Harold St, Macquarie Fields NSW 2564**

এই মনোজ্ঞ অনুষ্ঠানে অংশগ্রহণ করছে বাংলা স্কুলের ক্ষুদ্রে শিল্পীরা। সেই সাথে থাকছে সিডনির জনপ্রিয় শিল্পী **অমিয়া মতিন** ও **আব্দুল্লাহ আল-মামুন** এবং প্রতিথযশা শিল্পী **সিরাজুস সালেকিন** তার পুরোনো দিনের গান নিয়ে।

অনুষ্ঠানে প্রধান অতিথী এবং বিশেষ অতিথীদ্বয় হিসাবে উপস্থিত থাকবেন যথাক্রমে গন প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের হাই কমিশনার **মাননীয় জনাব আসাফোদ-দৌল্লা** এবং ক্যাম্পবেলটাউন কাউন্সিলের মেয়র **মাননীয় Mr. Brenton Banfield** ও স্থানীয় ফেডারেল এমপির প্রতিনিধি **Mr. Steve D'Arcy**।

আপনাদের-আমাদের সবার মিলিত প্রানের কলরবে মুখরিত হয়ে উঠুক এই সন্ধ্যা। আপনাদের সাদর উপস্থিতি অনুপ্রানিত করবে আমাদের পরবর্তী প্রজন্মের শিশুদেরকে ওদের অতীত ঐতিহ্য ও শিকড়ের সাথে আবদ্ধ থাকায়।

শুভেচ্ছান্তে

আব্দুল জলিল  
সভাপতি  
ফোন: ৯৬ ১৮৬ ১৩ ১

নাজমুল খান  
সহ-সভাপতি  
ফোন: ৯৮২৯৭৪৭৮

মাসুদ চৌধুরী  
সাধারণ সম্পাদক  
ফোন: ৯৬০৩২০৭৫